# Times Today BD

জেলা প্রতিনিধি | নাগরিক সাংবাদিকতা | 25 May, 2025

মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ী উপজেলার ধীপুর ইউনিয়নের পলাশপুর গ্রামের পেষকার বাড়ীতে হোসাইন (৭) কে শ্বাস রোধে হত্যা করে মৃতদেহ জঙ্গলে ফেলে রাখে আসামি আরিয়ান ওরফে মাহিম (২০)।

গত শুক্রবার ২৩ মে বিকেল ৪ টা থেকে ২৫ মে রাত ০১.৩০ এর মধ্যে এই হত্যাকাণ্ড হয়।মৃত হোসাইন (৭) টঙ্গীবাড়ী উপজেলার ধীপুর ইউনিয়নের মো.জুয়েল এবং মোছাম্মদ সালমা বেগমের সন্তান।নিহত হোসাইন আড়িয়ল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেনীতে লেখাপরা করতো।

আসামি আরিয়ান ওরফে মাহিম (২০) টঙ্গীবাড়ী উপজেলার ধীপুর ইউনিয়নের ডুলিহাটা গ্রামের মৃত মানিক ও নারগিস বেগমের ছেলে।উক্ত বিষয়টি আরিয়ান ওরফে মাহিম (২০) এর মা মৃতের পরিবারের লোকজনদের জানায়।এই তথ্য পেয়ে মৃতের বাবা সহ স্থানীয় লোকজন ঘটনাটি টঙ্গীবাড়ী থানা পুলিশ কে অবহিত করে।টঙ্গীবাড়ী থানা অভিযান পরিচালনা করে আসামী আরিয়ান ওরফে মাহিম (২০) কে আটক করে জিজ্ঞাসাবাদের পর তার দেখানো মোতাবেক মৃত হোসাইন (৭) এর মৃতদেহ হাত-পা বাধা অবস্থায় ২৫ মে ২০২৫ তারিখ সকাল ০৬.০০ টায় টঙ্গীবাড়ী থানাধীন, ধীপুর ইউনিয়নের, পলাশ পুর পেশকার বাড়ী জঙ্গল হতে উদ্ধার করেন।এ বিষয়ে টঙ্গীবাড়ী থানা অফিসার ইনচার্জ মো. মুহিদুল ইসলাম জানান- এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে।লাশ ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে।

মুন্সীগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:19

URL: https://www.timestodaybd.com/public/citizen-journalism/9555332915